# Motiwin

Domperidone BP

**Composition:**

**Motiwin Tablet:** Each tablet contains Domperidone Maleate BP equivalent to Domperidone 10 mg.
**Motiwin Suspension:** Each 5 ml suspension contains Domperidone BP 5 mg.

**Pharmacology: Motiwin** is a dopamine antagonist that principally blocks the dopamine receptors located in the chemoreceptor trigger zone (CTZ) and stomach. Its gastroprokinetic action is based on its blocking effect of dopamine receptors that have influence on the motility of gastro-intestinal tract. Due to its weak penetration across the blood-brain barrier, **Motiwin** has almost no effect on the dopaminergic receptors in the brain therefore excluding psychotropic and neurologic side effects. **Motiwin** restores normal motility and tone of the upper gastro-intestinal tract, facilitates gastric emptying, enhances antral duodenal peristalsis and regulates contraction of the pylorus. **Motiwin** also increases esophageal peristalsis and lower esophageal sphincter pressure, and thus prevents regurgitation of gastric content.

**Indications:**

***1. Dyspeptic symptom complex,*** often associated with delayed gastric emptying, gastro-esophageal reflux and esophagitis:

- Epigastric sense of fullness, feeling of abdominal distension, upper abdominal pain
- Eructation, flatulence, early satiety
- Nausea and vomiting
- Heartburn with or without regurgitations of gastric contents in the mouth
- Non-ulcer dyspepsia

***2. Acute nausea and vomiting*** of functional, organic, infectious, dietetic origin or induced by radiotherapy or drug therapy or induced in migraine,
***3. Parkinson's disease:*** In dopamine-agonist induced nausea and vomiting.
***4. Radiological studies:*** Speeding barium transit in follow-through radiological studies.

**Dosage and administration:**

Motiwin should be taken 15-30 minutes before meals and, if necessary, before retiring. The usual recommended oral dose of Domperidone is as follows:
**Adults:** 10-20 mg (1-2 **Motiwin** tablet or 10-20 ml **Motiwin** suspension), every 6-8 hours daily. Maximum dose of Domperidone is 80 mg daily. **Children:** 2-4 ml **Motiwin** suspension/10 kg body weight, every 6-8 hours daily. **In dyspeptic symptom:** The recommended oral dose for Adults: 10-20 mg (1-2 **Motiwin** tablet or 10-20 ml **Motiwin** suspension), every 6-8 hours daily. **Children:** 0.2-0.4 mg/Kg (2-4 ml Motiwin suspension/10 Kg body weight, every 6-8 hours daily. In acute and sub-acute conditions (mainly in acute nausea and vomiting)**:** The recommended oral dose for Adults: 20 mg (2 **Motiwin** tablet or 20 ml **Motiwin** suspension), every 6-8 hours daily. **Children:** 0.2-0.4 mg/Kg (2-4 ml **Motiwin** suspension/10 Kg body weight, every 6-8 hours daily. (In acute nausea and vomiting maximum period of treatment is 12 weeks).

**Contraindication:**

Domperidone is contraindicated to patients having known hypersensitivity to this drug and in case of neonates. Domperidone should not be used whenever gastro-intestinal stimulation might be dangerous i.e., gastro-intestinal hemorrhage, mechanical obstruction or perforation. Also contraindicated in patients with prolactin releasing pituitary tumor (prolactinoma).

**Warnings & Precautions:**

Domperidone should be used with absolute caution in case of children because there may be increased risk of extra-pyramidal reactions in young children because of an incompletely developed blood-brain barrier. Since domperidone is highly metabolized in liver, it should be used with caution in patient with hepatic impairment.

**Side effects:**

Domperidone may produce hyperprolactinemia (1.3%). This may result in galactorrhea, breast enlargement, and soreness and reduced libido. Dry mouth (1%), thirst, headache (1.2%), nervousness, drowsiness (0.4%), diarrhea (0.2%), skin rash and itching (0.1%) may occur during treatment with domperidone. Extra-pyramidal reactions are seen in 0.05% of patients in clinical studies.

**Use in Pregnancy and Lactation:**

**Pregnant women:** The safety of domperidone has not been proven and it is therefore not recommended during pregnancy. Animal studies have not demonstrated teratogenic effect in the fetus.
**Lactating mother:** Domperidone may precipitate galactorrhea and improve post-natal lactation. It is secreted in breast milk but in very small quantities insufficient to be considered harmful.

**Drug interactions:**

Domperidone may reduce the risk of hypoprolactemic effect of bromocriptine. The action of Domperidone on GI function may be antagonized by anti-muscarinics and opoid analgesics. Care should be exercised when domperidone is administered in combination with MAO (monoamine oxidase) inhibitors

**Overdose:**

There are no reported cases of overdose.

**Storage:**

Store in a cool (below 30 $^{o}$C) and dry place, protect from light. Keep all medicines out of the reach of children.

**How Supplied:**

**Motiwin Tablet:** Each box contains 10X10's tablets in Alu-PVC blister pack.
**Motiwin Suspension:** Each bottle containing 60 ml suspension.

Goodman

Manufactured by:
Goodman Pharmaceuticals Ltd.
Better Health For All
Bhangnahati, Sreepur, Gazipur, Bangladesh

# মোটিউইন

ডমপেরিডোন বিপি

**উপাদান:**

**মোটিউইন ট্যাবলেট:** প্রতিটি ট্যাবলেটে আছে ডমপেরিডোন ম্যালিয়েট বিপি যা ডমপেরিডোন ১০ মি. গ্রা. এর সমতুল্য।
**মোটিউইন সাসপেনশন:** প্রতি ৫ মি.লি. সাসপেনশনে আছে ডমপেরিডোন বিপি ৫ মি. গ্রা.।

**ফার্মাকোলজি:**

**মোটিউইন** (ডমপেরিডোন) একটি ডোপামিন প্রতিবন্ধক, যার গ্যাসট্রোপ্রোকাইনেটিক (পাকস্থলীর সঞ্চালন গতি বৃদ্ধিতে) কার্যকারিতা রয়েছে। **মোটিউইন** মূলত কেমোরিসেপ্টর ট্রিগার জোন এবং পাকস্থলীতে অবস্থিত ডোপামিন রিসেপ্টরকে রুদ্ধ করে। যেহেতু **মোটিউইন** খুব অল্প পরিমাণে ব্লাড ব্রেইন বেরিয়ারকে ভেদ করতে পারে, তাই মস্তিষ্কের ডোপামিনার-জিক রিসেপ্টরের উপর কার্যত এর কোন ভূমিকা নেই। তাই **মোটিউইন** এর মানসিক উদ্দীপক এবং স্নায়বিক পার্শ্ব-প্রতিক্রিয়া নেই। ডমপেরিডোন অন্ত্রের উপরের অংশের স্বাভাবিক গতি ও স্থিতিস্থাপকতা বজায় রাখে, পাকস্থলীর খাদ্য অপসারণ প্রক্রিয়াকে ত্বরান্বিত করে, এন্ট্রাল ও ডিওডেনাল পেরিস্টালসিসকে বাড়িয়ে দেয় এবং পাইলোরাসের সংকোচনকে নিয়ন্ত্রণ করে। **মোটিউইন** খাদ্যনালীর সঞ্চালনকে ত্বরান্বিত করে এবং খাদ্যনালীর নিম্নংশে স্ফিংক্টার-চাপকে বাড়িয়ে দেয়। এভাবে **মোটিউইন** পাকস্থলী থেকে খাদ্যের উপরে উঠে আসা রোধ করে।

**নির্দেশনা:**

***১। ডিসপেপটিক সিম্পটম কমপ্লেক্স*** (পাকস্থলী হতে খাদ্যের বিলম্বিত অপসারণ, গ্যাসট্রো-ইসোফেজিয়াল রিফ্লাক্স এবং ইসোফেজাইটিস এর ফলে সৃষ্ট):

- পেটের উপরের ভাগে ফাঁপা বোধ, পেট ভার বোধ এবং পেটের উপরের অংশে ব্যাথা
- ঢেকুর তোলা, পেট ফাঁপা, অল্প খাদ্যে তুষ্টি
- বমিবমি ভাব এবং বমি
- পাকস্থলী হতে খাদ্য উপরে উঠে আসা সহ বুক জ্বলা অথবা শুধু বুক জ্বলা
- আলসারবিহীন অজীর্ণ রোগ

***২। তীব্র বমিবমি ভাব এবং বমি:*** ফাংশনাল, জৈবিক, সংক্রমণজনিত বা খাদ্যাভ্যাস অথবা রেডিওথেরাপী বা ওষুধ সেবন মাইগ্রেন হতে উদ্ভূত তীব্র বমিবমি ভাব এবং বমির প্রতিরোধ ও লক্ষণাদির উপশমে।
***৩। পারকিনসনস রোগে:*** ডোপামিন-এগোনিষ্ট ব্যবহারে সৃষ্ট বমিবমি ভাব এবং বমির প্রতিরোধে।
***৪। রেডিওলজিক্যাল পরীক্ষায়:*** রেডিওলজিক্যাল ফলো-থ্রু-পরীক্ষায় বেরিয়ামের সঞ্চালন ত্বরান্বিত করতে।

**মাত্রা ও সেবনবিধি:**

মোটিউইন খাদ্য গ্রহণের ১৫-৩০ মিনিট পূর্বে এবং প্রয়োজনবোধে রাতে ঘুমাতে যাবার পূর্বে সেব্য। মুখে খাবার জন্যে সাধারণ নির্দেশিত মাত্রা:
**প্রাপ্ত বয়স্ক:** ১০-২০ মি. গ্রা. ডমপেরিডোন (১-২টি **মোটিউইন** ট্যাবলেট অথবা ১০-২০ মি. লি. **মোটিউইন** সাসপেনশন) প্রতি ৬-৮ ঘণ্টা অন্তর।
**শিশু:** ২-৪ মি. লি. **মোটিউইন** সাসপেনশন/১০ কি. গ্রা. শরীরের ওজন অনুসারে, প্রতি ৬-৮ ঘণ্টা অন্তর।
**ডিসপেপটিক সিম্পটম:**
**প্রাপ্ত বয়স্ক:** ১০-২০ মি. গ্রা. (১-২টি **মোটিউইন** ট্যাবলেট অথবা ১০-২০ মি.লি. **মোটিউইন** সাসপেনশন) প্রতি ৬-৮ ঘন্টা অন্তর।
**শিশু:** ০.২-০.৪ মি. গ্রা./কি. গ্রা. (২-৪ মি. লি. **মোটিউইন** সাসপেনশন/১০ কি. গ্রা.) শরীরের ওজন অনুসারে, প্রতি ৬-৮ ঘণ্টা অন্তর। তীব্র বমিবমি ভাব এবং বমির প্রতিরোধে (সর্বোচ্চ চিকিৎসাকাল ১২ সপ্তাহ)।
**প্রাপ্ত বয়স্ক:** ২০ মি. গ্রা. (২টি **মোটিউইন** ট্যাবলেট অথবা ২০ মি. লি. **মোটিউইন** সাসপেনশন) প্রতি ৬-৮ ঘন্টা অন্তর।
**শিশু:** ০.৪-০.৮ মি. গ্রা./কি. গ্রা. (২-৪ মি. লি. **মোটিউইন** সাসপেনশন/১০ কি. গ্রা.) শরীরের ওজন অনুসারে, প্রতি ৬-৮ ঘণ্টা অন্তর।

**প্রতিনির্দেশনা:**

ডমপেরিডোনের প্রতি অতিসংবেদনশীল রোগী এবং নবজাত শিশুদের (নিওনেট) ক্ষেত্রে ডমপেরিডোন ব্যবহার নিষিদ্ধ। গ্যাসট্রো-ইন্টেসটাইনাল হেমোরেজ, মেকানিক্যাল অবস্ট্রাকশন বা পারফোরেশনের মত গ্যাসট্রিক সমস্যায় ডমপেরিডোনের ব্যবহার অনুচিত। প্রোল্যাকটিন নিঃসরণকারী পিটুইটারী টিউমারে (প্রোল্যাকটিনোমা) ডমপেরিডো-নের ব্যবহার নিষিদ্ধ।

**সতর্কতা ও সাবধানতা:**

বাচ্চাদের ব্লাড ব্রেইন বেরিয়ার অপরিণত অবস্থায় থাকায় এক্সটা-পিরামিডাল রিয়্যাকশনের সম্ভবনা বেশী থাকে। তাই বাচ্চাদের ক্ষেত্রে ডমপেরিডোন অতি সতর্কতার সাথে ব্যবহার করা উচিত। যেহেতু ডমপেরিডোনের বিপাক মূলত যকৃতে ঘটে তাই যকৃতের সমস্যায় ডমপেরিডোনের ব্যবহার সতর্কতার সাথে করা উচিত।

**পার্শ্ব-প্রতিক্রিয়া:**

ডমপেরিডোন রক্তে প্রোল্যাকটিনের মাত্রা বৃদ্ধি করতে পারে (১.৩%)। এর ফলে দুগ্ধ নিঃসরণ এবং স্তনের আকার বেড়ে যেতে পারে, ক্ষতভাব দেখা দিতে পারে। ডমপেরিডোন সেবনের ফলে মুখের শুষ্কতা (১.৯%), পিপাসা, মাথাব্যথা (১.২%), নার্ভাসভাব, ঝিমুনী (০.৪%), পাতলা পায়খানা (০.২%), ত্বকের লালচেভাব ও চুলকানী (০.১%) হতে পারে। ক্লিনিকাল পরীক্ষায় এক্সট্রা-পিরামিডাল রিয়্যাকশন ০.০৫% রোগীর ক্ষেত্রে দেখা গেছে।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহার:**

**গর্ভবতী মহিলা:** গর্ভাবস্থায় ডমপেরিডোনের ব্যবহারজনিত নিরাপত্তা প্রতিষ্ঠিত নয় বলে এর ব্যবহার গর্ভবতী মহিলাদের জন্যে অনুমোদিত নয়। তবে প্রাণীর উপর গবেষণায় ভ্রূণের উপর ডমপেরিডোনের কোন টেরাটোজেনিক প্রতিক্রিয়া পাওয়া যায়নি।
**স্তন্যদানকারী মা:** ডমপেরিডোন দুগ্ধ নিঃসরণ বৃদ্ধি করতে পারে এবং প্রসবোত্তর স্তন্যদানের উন্নতি ঘটায়। মাতৃদুগ্ধে এটা খুব অল্প পরিমাণে নিঃসরিত হওয়ায় নবজাতকের ক্ষতির সম্ভাবনা থাকে না।

**অন্য ঔষধের সাথে প্রতিক্রিয়া:**

ডমপেরিডোন রক্তে ব্রোমোক্রিপটিনের প্রোল্যাকটিন কমানোর প্রবণতা কমিয়ে দিতে পারে। পরিপাকতান্ত্রিক কার্যকারিতা অ্যান্টিমাসক্যারাইনিকস ও ওপিঅয়েড এনালজেসিকের মাধ্যমে ডমপেরিডোনের কার্যক্ষমতা ব্যহত হতে পারে। মনোঅ্যামাইন অক্সাইডেজ ইনহিবিটরের সাথে ডমপেরিডোনের ব্যবহারে সতর্কতা অবলম্বন করা উচিত।
**মাত্রাধিক্য:** মাত্রাধিক্যের কোন ঘটনা জানা যায়নি।

**সংরক্ষণ:**

ঠান্ডা এবং শুষ্ক জায়গায় (৩০ °সে. তাপমাত্রার নীচে), আলো থেকে দূরে রাখা উচিত। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

**বাণিজ্যিক মোড়ক:**

**মোটিউইন ট্যাবলেট:** প্রতিটি বাক্সে আছে ১০X১০ টি ট্যাবলেট অ্যালু-পিভিসি ব্লিস্টার প্যাকিং-এ।
**মোটিউইন সাসপেনশন:** প্রতিটি বোতলে ৬০ মি.লি. সাসপেনশন রয়েছে।

Goodman

প্রস্তুতকারক:
গুডম্যান ফার্মাসিউটিক্যাল্স লি:
Better Health For All
ভাংনাহাটি, শ্রীপুর, গাজীপুর, বাংলাদেশ